**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নং ০৮

তারিখ: বৈশাখ ২৬, ১৪২৯ / মে ০৯, ২০২২

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়,

**দেশিয় বস্ত্রখাতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রযোজ্যতার ক্ষেত্রে স্থানীয় মূল্য সংযোজনের হার পুনর্নির্ধারণ প্রসঙ্গে।**

সেপ্টেম্বর ২০, ২০২১ তারিখে জারিকৃত এফই সার্কুলার নম্বর ২৯ এর ৭ম অনুচ্ছেদে বর্ণিত মূল্য সংযোজনের হার বিষয়ে জ্ঞাপিত নির্দেশনার প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক সরকারি সিদ্ধান্তক্রমে অবহিত করা যাচ্ছে যে, চলতি ২০২১-২০২২ অর্থবছরে বস্ত্রখাতে বিদ্যমান হারে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদানে স্থানীয় মূল্য সংযোজন ন্যূনতম ২০% প্রযোজ্য হবে।

০২। ২০২১-২০২২ অর্থবছরে জাহাজিকৃত রপ্তানি চালানের বিপরীতে দাখিলকৃত অনিষ্পন্ন আবেদনগুলোসহ এ সার্কুলার জারির তারিখ থেকে পরবর্তী সময়ে দাখিলযোগ্য আবেদনের ক্ষেত্রে আলোচ্য নির্দেশনা কার্যকর হবে।

বস্ত্রখাতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদান সংশ্লিষ্ট সকল এফই সার্কুলার/সার্কুলার পত্রের অন্যান্য প্রযোজ্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে। সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(কাজী রফিকুল হাসান)
মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০১২৩